গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা

বিষয়ঃ সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | | মোঃ কামাল হোসেন<br>সচিব, সমন্বয় ও সংস্কার |
| সভার তারিখ | : | ১২ জানুয়ারি ২০২২ |
| সভার সময় | : | বিকাল: ০৩:০০ ঘটিকা। |
| স্থান | : | মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-১০০৫, সরকারি পরিবহন পুল ভবন)। |
| উপস্থিতি | : | |

পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সিআরভিএস বাস্তবায়নকারী সিস্টমের মধ্যে ইন্টারঅপারেবিলিটি এবং ইন্টিগ্রেশন স্থাপনে সংশ্লিষ্ট বিভাগ/ দপ্তর/সংস্থাসমূহ আরো আন্তরিকতার সঙ্গে কাজ করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব, সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে গত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ২৭ সেপ্টেম্ব ২০২১ তারিখে সদস্যগণের বরাবর প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট বিভাগ/ দপ্তর/সংস্থা হতে বিগত সভার কার্যবিবরণী উপর কোন সংশোধন এবং পরিমার্জন সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি বিধায় কার্যবিবরণীটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করে।

**সিদ্ধান্ত: ২.১।** সিআরভিএস বাস্তবায়ন কমিটির গত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০৩। আলোচ্য বিষয়-০২: সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | ৫.১। অনলাইন মৃত্যু সনদ প্রদানের সাথে সাথে মৃত ব্যক্তির মৃত্যু সংক্রান্ত তথ্য BDRIS থেকে এনআইডি সিস্টেম পাঠানোর বিষয়ে জাতীয় পরিচয়পত্র অনুবিভাগ এবং রেজিস্ট্রার জেনারেল তাদের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবে। | জাতীয় পরিচয়পত্র অনুবিভাগ এবং রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকে মৃত ব্যক্তির মৃত্যু সংক্রান্ত তথ্য BDRIS থেকে এনআইডি সিস্টেমে পাঠানোর বিষয়টি অন্তর্ভুক্ত নেই। বর্ণিত বিষয়ে জাতীয় পরিচয়পত্র অনুবিভাগ কর্তৃক গত ১২-১২-২০২১ তারিখে একটি সভা করে সম্পাদিত সমঝোতা স্মারক পর্যালোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ২। | ৫.২। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়টির গুরুত্ব সাধারণ জনগণের নিকট তুলে ধরার জন্য রেডিও, টেলিভিশন এবং অন্যান্য মিডিয়ায় নিয়মিত প্রচারের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়টির গুরুত্ব সাধারণ জনগণের নিকট তুলে ধরার লক্ষ্যে একটি টেলিভিশন কর্মাশিয়াল (TvC) এবং ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করে তা প্রচারের ব্যবস্থা নেয়া হয়েছে। রেডিও তে প্রচারের জন্য প্রোগ্রাম ডেভেলপমেন্টের উদ্যোগ নেয়া হয়েছে। |
| ৩। | ৫.৩। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক আগামী দুইমাসের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিধিমালা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা সংশোধনের নিমিত্ত গঠিত কমিটির ২য় সভায় সংশোধনীর উপর সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মতামত নেয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ৪। | ৫.৪। বিধিমালা সংশোধনের জন্য বর্তমান বিধির কোন কোন অংশ পরিবর্তন করা হবে তার একটি তুলনামূলক বিবরণী এবং যে সকল নতুন প্রস্তাব গ্রহণ করা হবে তার বিবরণী মন্ত্রিপরিষদ বিভাগের সাথে শেয়ার করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন উপদেষ্টা কমিটির পরবর্তী সভায় বিধিমালা সংশোধনের চূড়ান্ত খসড়া গৃহীত হলে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে মর্মে জানানো হয়। |
| ৫। | ৫.৫। সংশ্লিষ্ট সকলের মনিটরিং এর জন্য BDRIS এর একটি Real Time ড্যাশবোর্ড তৈরির বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | BDRIS সিস্টেমে Real Time ড্যাশবোর্ড তৈরি করা হয়েছে। তবে সকলের মনিটরিং এর জন্য ড্যাশবোর্ডে কিছু মডিফিকেশন প্রয়োজন। ড্যাশবোর্ড আপগ্রেডেশনের পর সকলের সাথে শেয়ার করা হবে। |
| ৬। | ৫.৬। স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত-৪.২ অনুসারে ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবিলিটি স্থাপন এবং synchronization সংক্রান্ত প্রস্তাব চূড়ান্ত করার জন্য সংশ্লিষ্টদের নিয়ে আগামী ৭ দিনের মধ্যে একটি সভা আয়োজনের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | গত ১৯ অক্টোবর ২০২১ তারিখে রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব) এর সভাপতিত্বে ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবিলিটি স্থাপন সংক্রান্ত সভা আয়োজন করা হয়েছে। **ইন্টারঅপারেবিলিটি এবং synchronization স্থাপন সংক্রান্ত প্রস্তাবটি চূড়ান্ত করা হয়নি।** |
| ৭। | ৫.৭। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত BDRIS সফটওয়্যারটি Reve System এর নিকট হতে আগামী দুই মাসের মধ্যে বুঝে নেওয়া এবং জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য এটি যথাযথ ভাবে চালু রাখার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | Reve System কর্তৃক BDRIS সফটওয়্যার ডেভেলপমেন্টের কাজের তালিকা সম্পাদন করে বিল দাখিল করলে সংশ্লিষ্ট কারিগরি কমিটির সুপারিশক্রমে বিল পরিশোধপূর্বক সফটওয়্যারটি বুঝে নেয়া হবে। |

০৪। আলোচ্য বিষয়-০৩: ২৩ নভেম্বর ২০২১ তারিখে ইউনিক আইডি সংক্রান্ত সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন।

| ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | ৫.১। রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় "Leave No One Behind" অর্জনে প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের শিক্ষার্থীর প্রোফাইল প্রণয়নের নির্ধারিত সময়ে সকল শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন নম্বরের অনুকূলে ইউনিক আইডি প্রদান করবে। উল্লেখ্য যে কোন শিক্ষার্থীকে পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের সাথে তার জন্ম নিবন্ধনে উল্লিখিত পিতা/মাতা/অভিভাবকের নামের করণীক ভুল বা সামান্য গরমিলের কারণে কোন শিক্ষার্থীকে ইউনিক আইডি প্রদান থেকে বিরত রাখা যাবে না। | API-এর মাধ্যমে ইউনিক আইডি প্রদানের জন্য প্রয়োজনীয় লিংক ব্যানবেইস ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে প্রদান করা হয়েছে। **প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের শিক্ষার্থীর প্রোফাইল প্রণয়নের নিমিত্ত সকল শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন নম্বরের অনুকূলে ইউনিক আইডি প্রদানের বিষয়টি এখনো পর্যন্ত সমাধান হয়নি।** |

| ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ২। | ৫.২। পিতা/মাতা/অভিভাবকের জন্ম নিবন্ধন এবং জাতীয় পরিচয়পত্রে নামের গরমিলের কারণে ইউনিক আইডি না পেলে পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয় পত্রে ব্যবহৃত নাম NID সিস্টেমে প্রেরণের মাধ্যমে ইউনিক আইডি সংগ্রহ করবে। | সিদ্ধান্ত অনুসারে ইউনিক আইডি সংগ্রহের নিমিত্ত UI Page তৈরি করা হচ্ছে। |
| ৩। | ৫.৩। চলমান জন্ম নিবন্ধনের বিপরীতে নির্বাচন কমিশন থেকে ইউনিক আইডি গ্রহণের সংখ্যা অত্যন্ত কম হওয়ায় তার সমাধান করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় পত্র অনুবিভাগ একত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | গত ১২/১২/২০২১ তারিখে মহাপরিচালক, জাতীয় পরিচয়পত্র নিবন্ধন অনুবিভাগের সভাপতিত্বে ইউনিক আইডি সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে। জাতীয় পরিচয়পত্র নিবন্ধন অনুবিভাগ এবং রেজিস্ট্রার জেনারেল কার্যালয়ের আইটি টিম পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে ইউনিক আইডি প্রাপ্তিতে উদ্ভূত সমস্যার সমাধান করছে। |
| ৪। | ৫.৪। ডিসেম্বর ২০২১ এর মাঝামাঝি সময় পর্যন্ত জন্ম নিবন্ধনের বিপরীতে কি পরিমাণ ইউনিক আইডি প্রদান করা হবে তার একটি হিসাব পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ব্যানবেইস ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক API এর মাধ্যমে তথ্য প্রেরণের ওপর ইউনিক আইডি পাওয়ার সংখ্যা নির্ভর করবে। ০১-০১-২০২০ থেকে ১২-০১-২০২২ পর্যন্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় হতে **৯৩৪৭৬-টি** অনুরোধের পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশনের জাতীয় পরিচয়পত্র অনুবিভাগ কর্তৃক **৬০৭৪১-টি** ইউনিক আইডি সরবরাহ করা হয়েছে। |
| ৫। | ৫.৫। ইউনিক আইডি প্রদানের ক্ষেত্রে কিছু বিশেষ কেইস আসতে পারে সেক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর সংস্থা এবং সিআরভিএস সংশ্লিষ্ট টেকনিক্যাল জনবলের সহায়তায় সমাধানের উপায় বের করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | API এর মাধ্যমে ইউনিক আইডি পাওয়া না গেলে বিকল্প উপায় হিসেবে ইউনিক আইডি প্রদানের নিমিত্ত UI Page তৈরি করা হচ্ছে। |

**সিদ্ধান্ত:** ৪.১। সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবিলিটি স্থাপন এবং synchronization সংক্রান্ত প্রস্তাব আগামী ০৭ দিনের মধ্যে চূড়ান্ত করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**০৫। আলোচ্য বিষয় ০৪: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:**

আলোচনায় অংশগ্রহণ করে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভাকে অবহিত করেন যে প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের শিক্ষার্থীর প্রোফাইল প্রণয়নের নিমিত্ত সকল শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন নম্বরের অনুকূলে ইউনিক আইডি প্রদানের বিষয়টি নিয়ে টেকনিক্যাল লোকবলের সমন্বয়ে আগামী সপ্তাহে সভা আয়োজন করে সমাধানের চেষ্টা করব। এ বিষয়ে সভাপতি জানান যে, আগামী ২৩ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে ইউনিক আইডি প্রদান সংক্রান্ত একটি ডেমনোস্ট্রেশন আয়োজন করতে হবে যাতে করে সকলে বুঝতে পারে কিভাবে ইউনিক আইডি এর প্রসেস কাজ করবে। তিনি আরো জানান যে BDRIS সিস্টেমটি সঠিকভাবে চালু রাখার নিমিত্ত সফটওয়ার ডেভলাপারের সাথে একটি ডেভলাপমেন্ট চুক্তি এবং একটি দীর্ঘমেয়াদী মেনটেইন্যান্স চুক্তি থাকা প্রয়োজন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক BDRIS সিস্টেমটি টেস্টিং এর বিষয়টা কোন পর্যায়ে আছে সে বিষয়ে ও সভায় আলোচনা করা হয়।

জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত পূর্ববর্তী তিনটি ত্রৈমাসিক প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, দ্বিতীয় এবং তৃতীয় ত্রৈমাসিক এর তুলনায় চতুর্থ ত্রৈমাসিকে জন্মের ৪৫ দিন এবং ১ বছরের মধ্যে জন্ম নিবন্ধনের হার বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৮% এবং ৩৭% হয়েছে। উক্ত বিষয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল যথাক্রমে ৫০% এবং ৬০%। সেই তুলনায় জন্ম নিবন্ধনের লক্ষ্য অর্জনের হার নিতান্তই কম। অন্যদিকে মৃত্যু নিবন্ধনের হার নির্ধারিত লক্ষ্য অনুসারে অর্জন করা সম্ভব হচ্ছে। জন্ম ও মৃত্যু নিবন্ধনে সকল জেলার অগ্রগতি একই রকম নয় বিধায় যে সকল জেলা পিছিয়ে আছে সে সকল জেলার সংশ্লিষ্টদের নিয়ে জেলা ভিত্তিক সভা আয়োজন করা প্রয়োজন মর্মে ভাইটাল স্ট্র্যাটেজিস এর কান্ট্রি-কোঅর্ডিনেটর সভাকে জানায়। ভাইটাল স্ট্র্যাটেজিস এর কান্ট্রি-কোঅর্ডিনেটরদ্বয় আরো উল্লেখ করেন যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে একাধিক কর্মকান্ড রয়েছে যার মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত কার্যক্রমকে প্রয়োজনীয় সহায়তা করা সম্ভব। বাংলাদেশে মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য পর্যালোচনাপূর্বক দেখা যায় যে, পুরুষের তুলনায় নারীর মৃত্যু নিবন্ধন কম। উক্ত বিষয়সমূহে যথাযথ গুরুত্ব প্রদানসহ মোটিভেশনাল কার্যক্রমের মাধ্যমে সিআরভিএস সংক্রান্ত কর্মকান্ডে অংশগ্রহণের জন্য অত্র সভায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে সদস্য হিসাবে কো-অপ্ট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

আলোচনায় অংশগ্রহণ করে জাতীয় পরিচয়পত্র অনুবিভাগের মহাপরিচালক জানান যে, অনলাইন মৃত্যু সনদ প্রদানের সাথে সাথে মৃত ব্যক্তির মৃত্যু সংক্রান্ত তথ্য BDRIS থেকে NID সিস্টেমে পাঠানো সংক্রান্ত সমঝোতা স্মারক পর্যালোচনাপূর্বক রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। অতি দ্রুত এটি চূড়ান্ত করে নির্বাচন কমিশন থেকে ভেটিং করানোর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি সভায় জানান।

সভায় আইন ও বিচার বিভাগ এর প্রতিনিধি জানান যে "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স এর বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত প্রকল্পটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে তারা এটিকে আলাদা প্রকল্প হিসাবে না নিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিআরভিএস সংক্রান্ত ইডিসি প্রকল্পের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করার জন্য পত্রের মাধ্যমে জানিয়েছেন। সভাপতি আইন ও বিচার বিভাগকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিআরভিএস সংক্রান্ত ইডিসি প্রকল্প সংশ্লিষ্টদের সাথে যোগাযোগপূর্বক উক্ত প্রকল্পে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত কোন কম্পোনেন্ট আছে কিনা তা দেখে পরবর্তীতে পরিকল্পনা কমিশনের সঙ্গে যোগাযোগ করার

উপর গুরুত্বারোপ করেন।

**সিদ্ধান্ত:** ৫.১। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের শিক্ষার্থীর প্রোফাইল প্রণয়নের নিমিত্ত সকল শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন নম্বরের অনুকূলে ইউনিক আইডি প্রদানের বিষয়টি সংশ্লিষ্ট সকল দপ্তর সংস্থার টেকনিক্যাল লোকবলের সমন্বয়ে সভা করে সমাধান করবেন এবং আগামী সাত দিনের মধ্যে ইউনিক আইডি প্রদান সংক্রান্ত একটি ডেমনোস্ট্রেশনের আয়োজন করবে।

**সিদ্ধান্ত:** ৫.২। BDRIS সিস্টেমটি সঠিকভাবে চালু রাখার নিমিত্ত সফটওয়ার ডেভলাপারের সাথে একটি ডেভলাপমেন্ট চুক্তি এবং একটি দীর্ঘমেয়াদী মেনটেইন্যান্স চুক্তির বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৫.৩। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে BDRIS সিস্টেমটি অতি দ্রুত টেস্টিং সম্পন্ন করানোর বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৫.৪। জন্ম ও মৃত্যু নিবন্ধনে যে সকল জেলা পিছিয়ে আছে সে সব জেলার সংশ্লিষ্টদের নিয়ে জেলা ভিত্তিক সভা আয়োজনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৫.৫। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত মাঠ পর্যায়ের কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা এবং সমন্বয়ের মাধ্যমে সিআরভিএস সংক্রান্ত কর্মকান্ডে অংশগ্রহণের নিমিত্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/অধিদপ্তরকে সদস্য হিসাবে অত্র সভায় কো-অপ্ট করার বিষয়টি অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**০৬। আলোচ্য বিষয় ০৫: নভেম্বর ২০২১-এ অনুষ্ঠিত ESCAP এর 2nd Ministerial Conference on CRVS সংক্রান্ত আলোচনা:**

জাতিসংঘের অন্যতম সংস্থা Economic and Social Commission for Asia and the Pacific (ESCAP) এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশসমূহের সিআরভিএস সংক্রান্ত কর্মকান্ড সমন্বয় করে থাকে। গত ২০১৪ সালের নভেম্বর মাসে ESCAP কর্তৃক First Ministerial Conference on CRVS আয়োজন করা হয়। উক্ত সম্মেলনে ২০১৫-২০২৪ মেয়াদকে সিআরভিএস দশক ঘোষণা করা হয় সিআরভিএস সংক্রান্ত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্যে একটি Regional Action Framework (RAF) গৃহীত হয়। উক্ত RAF এ 3টি লক্ষ্য, ১৫ টি স্থানীয় পর্যায়ে নির্ধারিত টার্গেট, ০৭ টি একশন এরিয়া এবং ৮ টি বাস্তবায়ন ধাপ নির্ধারণ করা হয়।

প্রথম সম্মেলনের ধারাবাহিকতায় পরবর্তীতে সিআরভিএস দশকের মধ্যবর্তী অগ্রগতি পর্যালোচনা এবং RAF এর বিভিন্ন লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার জন্য ESCAP কর্তৃক ১৬-১৯ নভেম্বর ২০২১ তারিখে অনলাইনে থাইল্যান্ডের ব্যংককে Second Ministerial Conference on CRVS for Asia and the Pacific আয়োজন করা হয়। সম্মেলনে একটি Ministerial Declaration এবং একটি Ministerial Conference Report পর্যালোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় যা ২০২২ সালে ESCAP কমিশনের ৭৮ তম অধিবেশনে জমা দেওয়া হবে। উক্ত Ministerial Declaration এর সিদ্ধান্তসমূহ বাংলাদেশের সিআরভিএস সংশ্লিষ্ট দপ্তর সংস্থা কর্তৃক যথাযথভাবে প্রতিপালনের উপর সভাপতি গুরুত্বারোপ করেন।

**সিদ্ধান্ত:** ৬.১। Second Ministerial Conference on CRVS for Asia and the Pacific এ গৃহীত Ministerial Declaration এর সিদ্ধান্তসমূহ বাংলাদেশের সিআরভিএস সংশ্লিষ্ট দপ্তর সংস্থা

কর্তৃক যথাযথভাবে প্রতিপালনের করবে।

০৭। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোঃ কামাল হোসেন
সচিব, সমন্বয় ও সংস্কার

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭২৪.১৪.০০১.১৯.৫৭০

তারিখ: ১০ মাঘ ১৪২৮
২৪ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর
২) মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
৪) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৫) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৬) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, টেলিযোগাযোগ অধিদপ্তর
৭) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৮) মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন
৯) অতিরিক্ত সচিব, সমন্বয় অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
১০) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
১১) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)-এর দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর
১২) উপ-রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের দপ্তর , রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন
১৩) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
১৪) যুগ্ম সচিব, মতামত অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ
১৫) যুগ্মসচিব, সিভিল রেজিস্ট্রেশন ও সামাজিক নিরাপত্তা অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ
১৬) পলিসি অ্যাডভাইজর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
১৭) উপ প্রকল্প পরিচালক, প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
১৮) পরিচালক, পরিচালক (পাসপোর্ট ও ভিসা) এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

মোহাম্মদ শহিদুল ইসলাম
উপসচিব